গাংনীর দু’গ্রামে একই নামে দুই বিদ্যালয়

মেহেরপুরের গাংনীর মোমিনপুরে স্থাপিত এমজিজিএম মাধ্যমিক বিদ্যালয় নিয়ে স্থানীয় দুই গ্রামের লোকজনের মধ্যে চলছে রশি টানাটানি।

মোমিনপুর ও গোয়ালগ্রামে একই নামে রয়েছে দুটি বিদ্যালয়। গোয়ালগ্রামের লোকজন বিদ্যালয়টি স্থানান্তর করা হয়েছে মর্মে দাবী করলেও সেটি মানতে নারাজ মোমিনপুর গ্রামবাসি। এতে মোমিনপুরের লোকজন উচ্চ আদালতে রিট করায় আটকে গেছে বিদ্যালয় দুুটির এমপিওভুক্তিসহ উন্নয়ন কার্যক্রম। দুই বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যেও বিভাজন সৃষ্টি হয়েছে। সেই সাথে কোন বেতন ভাতা না পেয়ে মানবেতর জীবন যাপন করছেন প্রতিষ্ঠানে কর্মরতরা। মামলাটি দ্রুত নিষ্পত্তি করে বিদ্যালয়ে সুষ্ঠ পরিবেশ ফিরিয়ে আনার দাবী স্থানীয়দের।

জানা গেছে, ১৯৯৯ সালে মেহেরপুরের গাংনীর মোমিনপুরে স্থাপিত হয় ‘এমজিজিএম মাধ্যমিক বিদ্যালয়’ চার গ্রামের নামের প্রথম অক্ষর (মোমিনপুর, গোয়ালগ্রাম, চরগোয়ালগ্রাম, মোহাম্মদপুর) দিয়ে শুরু হওয়া এ বিদ্যালয়টি বেশ সুনামের সাথে শিক্ষা কার্যক্রম চলছিল। বিদ্যালয়টিতে গোয়ালগ্রামের শিক্ষার্থী সংখ্যা আনুপাতিক হারে একটু বেশি। তাই গোয়ালগ্রামের লোকজন গ্রামেই এমজিজিএম নামের বিদ্যালয়ের ভিত্তি স্থাপনের সিদ্ধান্ত নেন। মোমিনপুর গ্রামের লোকজন ও বিদ্যালয়ের কমিটির মতামত ছাড়াই ২০১৮ সালের ডিসেম্বরে বিদ্যালয়ের কার্যক্রম শুরু করেন তারা। মোমিনপুরে স্থাপিত বিদ্যালয়ের আইডি ব্যবহার করেই শুরু করে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম।

গোয়ালগ্রামে স্থাপিত বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম চলায় ওই গ্রামের শিক্ষার্থীরা মোমিনপুরে আসতে অনিচ্ছুক। এদিকে পারগোয়ালগ্রাম, মোমিনপুর ও মহাম্মদপুর গ্রামের শিক্ষার্থীরা যোগাযোগ ব্যবস্থা ভাল হওয়ায় তারা মোমিনপুরে পড়াশোনা করতে স্বাচ্ছন্দ বোধ করে। বর্তমানে মোমিনপুর বিদ্যালয়টিতে রয়েছে ১৩৯জন শিক্ষার্থী। একই নামে দুটি বিদ্যালয় স্থাপিত হওয়ায় দুটি গ্রামের লোকজনের মধ্যেও সৃষ্টি হয় মনস্তাত্বিক লড়াই।

মন্ত্রনালয়ের অনুমোদন ক্রমে বিদ্যালয় স্থানান্তর করেছেন। সকল নিয়ম মেনে বিদ্যালয়টি পরিচালিত হচ্ছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার জানান, ইচ্ছা করলেই কেউ প্রতিষ্ঠান হস্তান্তর করতে পারেন না। তাছাড়া হস্তান্তর সংক্রান্ত কোন কাগজপত্র উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে নেই। কীভাবে শিক্ষা মন্ত্রনালয় থেকে স্থানান্তরের অনুমতি নেয়া হলো বা দেয়া হলো সেটা তিনিও বুঝতে পারেন না বলেও জানিয়েছেন এই কর্মকর্তা। তিনি আরো জানান, মামলা থাকার কারণে নতুন পুরাতন কোনো স্কুলেই কমিটি নেই। আর কমিটি না থাকার কারণে অনেক কার্যক্রমই করা সম্ভব হচ্ছে না।

গাংনীতে জাতীয় তামাক মুক্ত দিবস উপলক্ষে অবস্থান কর্মসূচি

আগামী ৯ অক্টোবর জাতীয় তামাক মুক্ত দিবস উপলক্ষে অবস্থান কর্মসূচি পালিত।

বৃহস্পতিবার (৬ অক্টোবর) সকাল সাড়ে ১০টায় মেহেরপুর-গাংনী সড়কের বাশঁবাড়িয়া নামক স্থানে এ কর্মসূচি পালন করা হয়। এবারের প্রতিপাদ্য বিষয় “তামাক কোম্পানিগুলোর সামাজিক দায়বদ্ধতা কার্যকর নিষিদ্ধ করা হোক”।

বাংলাদেশ তামাক বিরোধী জোট ও ডব্লিউবিবি ট্রাস্টের এর সহযোগিতায় স্থানীয় সংগঠন শানঘাট পল্লী উন্নয়ন সংস্থা ও আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার যৌথ আয়োজনে অবস্থান কর্মসূচি আয়োজন করেন।

শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মহিবুল আলম ওহিদের নেতৃত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মীর সামসুজ্জোহা কলেজের প্রভাষক মোখলেছুর রহমান। বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক তৌহিদ উদ দৌলা রেজা, গাংনী প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমুন নাহার। এসময় উপস্থিত ছিলেন শিক্ষক,

শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

বক্তারা বলেন বিভিন্ন তামাক কোম্পানি তরুণদের কর্মসংস্থান, দারিদ্রতা দূরীকরন, বৃক্ষরোপনসহ লোক দেখানো সামাজিক দ্বায়বদ্ধতা কার্যক্রমের আড়ালে তামাক কোম্পানিগুলো নিজস্ব রং, ট্রেড, লোগো ব্যবহার করে দেশব্যাপী তাদের পন্যের প্রচারণা চালাচ্ছে।

এমনকি ভোক্তা অধিকার সংরক্ষণের দোহায় দিয়ে বিভিন্ন দোকান ও লোক সমাগম স্থানে চকলেট, পানি ও বিভিন্ন ব্র্যান্ডের সিগারেটের মূল্য সম্বলিত স্টিকার প্যাকেট প্রদর্শন করে রাখেন যা সম্পূর্ণ প্রতারণা ও আইনত দন্ডনীয়। অবস্থান কর্মসূচি শেষে তামাকের ক্ষতিকর বিষয়ে সচেতনতার জন্য বিভিন্ন লিফলেট, স্টিকার বিতরণ করা হয়।

সৌদিতে প্রবাসী গাংনীর কামরুজ্জামানের মৃত্যু

সংসারের সুখসাচ্ছন্দ ও নিজের ভাগ্যের চাকা ঘোরাতে যৌবন বয়সে সৌদি আরবে গিয়েছিলেন গাংনী উপজেলার তেরাইল গ্রামের কামরুজ্জামান। ২২ বছরের প্রবাস জীবনে কামরুজ্জামান তার সংসারের সুখ ফেরাতে পারলেও নিজেকে ফেরাতে পারলেন না বাসভূমিতে।

বুধবার সন্ধ্যার দিকে সৌদি আরবের তায়েফের কিং আবদুল্লাহ্ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

কামরুজ্জামানের স্ত্রী রিনা খাতুন এতথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, ৬ মাস আগে বাড়িতে এসেছিলেন তিনি। আবারও প্রবাসে গিয়ে অসুস্থ হয়ে পড়েন। এর মধ্যে ফিরে আসার চেষ্টাও করেছেন। কিন্তু হার্টে সমস্যা দেখা দিলে হাসপাতালে ভর্তি হন। গত শনিবার ওই হাসপাতালে তার হার্টে রিং পরানো হয়। হাসপাতালে চিকিৎসা চলছিল। হাসপাতাল থেকে বাসাতে নেওয়ার পথে মারা যান তিনি।

কামরুজ্জামান গাংনী উপজেলার তেরাইল গ্রামের হাজী আব্দুল

মান্নানের বড় ছেলে।

সৌদির আইন কানুন অনুযায়ী সব প্রক্রিয়া শেষ করে দেশে আনা হবে কামরুলের মরদেহ।

গাংনীতে গৃহবধুর বিষপান

পারিবারিক কলহের জের ধরে মমতাজ খাতুন (৩৭) নামের এক গৃহবধু বিষপান করে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন। মমতাজ খাতুন গাংনী উপজেলার বাথানপাড়া এলাকার মহিবুল ইসলামের স্ত্রী।

আজ বৃহস্পতিবার (৬ অক্টোবর) সকাল ৮ টার দিকে পারিবারিক কলহের জের ধরে নিজ বাড়িতে বিষপান করেন এই গৃহবধু।
মূমূর্ষ অবস্থায় মমতাজকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক মাসুদ।

এনজিও আশা’র বাওট ব্রাঞ্চের নিখোঁজ বাবুর্চির পরিবারের সংবাদ সম্মেলন

বেসরকারী এনজিও আশা’র গাংনী উপজেলার বাওট ব্রাঞ্চের বাবুর্চি হৃদয়কে জীবিত অথবা মরদেহ উদ্ধারের দাবীতে সংবাদ সম্মেলন করেছেন তার পরিবার।

বুধবার দুপুরে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এই সংবাদ সম্মেলন করেন তারা।

তিনি ওই দিনকার ঘটনা বর্ণনা করতে গিয়ে বলেন, তার সাথে আমার রাত ৮ টার দিকে প্রথম কথা হয়েছে। সে বলেছিল কারেন্ট নাই। আমি নিচে বসে আছি। পরে রাত ১১ টার দিকে আবারও ফোন দিয়ে বলেছিল আমার কিছু ভাল লাগছেনা। ঘুম আসছেনা। তারপর আমি ঘুমিয়ে পড়েছিলাম। সকালে উঠে আর তার ফোনে ঢুকতে পারিনি। ফোন বন্ধ পেয়েছি।

তিনি বলেন পুলিশ এবং আশা এনজিওর লোক আমাদের পরিবারকে চাপ দিচ্ছেন আমার স্বামীকে বের করার জন্য। তিনি দাবী করেন আমার স্বামীকে পুলিশ উদ্ধার করে দিক। সে যদি অন্যায় করে তার যে সাজা হবে দিক। আর যদি তার লাশ পাই তাহলে আমি ওই এনজিওকে দায়ী করবো।

এঘটনায় আক্তার বানু তার ছেলে নিখোঁজ হওয়ার ঘটনায় গাংনী থানায় একটি সাধারণ ডাইরি করেছেন। যার নং ১৬২, তারিখ ০৪/১০/২০২২ ইং।

গাংনীতে মোটরসাইকেল দূর্ঘটনায় তিন জন আহত

গাংনী উপজেলার নওদাপাড়া বাজারে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তিন জন আহত হয়েছেন।

আহতরা হলেন, পিরতলা গ্রামের জামিল হোসেন (১৭) ও সাহেবনগর গ্রামের ওলিউল্লাহ (২২) আরাবুল ইসলাম(২২) আহত হন।

আহতদের স্থানীয়রা উদ্ধার করে বামন্দীর একটি বেসরকারি ক্লিনিকে ভর্তি করেন। পরে আরাবুল হকের অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে লেফার্ড করা হয়েছে।

আজ বুধবার (৫অক্টোবর) দুপুরের দিকে গাংনী উপজেলার নওদাপাড়া বাজারে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

কাজিপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আলম হুসাইন এতথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে জাতীয় কন্যা শিশু দিবস পালিত

‘সময়ের অঙ্গীকার, কন্যা শিশুর অধিকার’ এ প্রতিপাদ্যে মেহেরপুরের গাংনীতে জাতীয় কন্যা শিশু দিবস পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০ টায় গাংনী উপজেলা সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।

অনুষ্ঠানে উপজেলা নিবার্হী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান মনি, জাতীয় পার্টির জেপি কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল হালিম, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, উপজেলা সমবায় কর্মকর্তা মাহাবুবুল হক মন্টু, পল্লী বিদ্যুৎ এর এলাকা পরিচালক রিয়াজ উদ্দিন, শিক্ষক ওয়াহিদুজামান ও রকিবুল ইসলামসহ মহিলা অধিদপ্তরের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষানার্থীরা।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় কলেজ ছাত্র নিহত

গাংনী উপজেলার বামন্দী—কাজিপুর সড়কের হাড়াভাঙ্গা সেন্টার বাজার নামক স্থানে বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা লেগে নয়ন (১৭) নামের এক কলেজ ছাত্র নিহত ও অপরজন আহত হয়েছেন।

নিহত নয়ন গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের পশ্চিমপাড়া এলাকার ইমাদুল ইসলামের ছেলে ও গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের একাদশ

শ্রেনীর ছাত্র।

আজ সোমবার (৩ অক্টোবর) দিবাগত রাত সাড়ে ৮ টার দিকে মোটরসাইকেল যোগে তার মামা রহিদুল ইসলামের বাড়িতে আসছিলেন। মোটরসাইকেল দ্রুতগতিতে এসে হাড়াভাঙ্গা সেন্টার বাজারের উপর এসে মোটরাসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার একটি বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা খেয়ে রাস্তার উপর পড়ে যান।

এসময় মারাত্বক আাহত অবস্থায় তাকে উদ্ধার করে বামন্দীর একটি বেসরকারী ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন। এসময় আহত হন তারা মামাত ভাই পারভেজ হোসেন (১৮)।তাকে উদ্ধার করে একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে। বর্তমানে সে সুস্থ আছে।

স্থানীয়রা জানান, নিহত নয়ন ও তার মামাত ভাই পারভেজে একই মোটরসাইকেলে ফিরছিলেন। মোটরসাইকেল দ্রুত গতিতে চালাতে িগেয়ে রাস্তার উপর বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা খেয়ে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছেছে।

সৌদিতে সড়ক দুর্ঘটনায় গাংনীর ভবানীপুরের আলম হোসেন নিহত

সৌদি আরবের সড়ক দুর্ঘটনায় নিহত হলেন গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের আলম হোসেন (৩৫)।

আলম হোসেন ভাবনীপুর গ্রামের স্কুল পাড়া এলাকার ইদু মিয়ার ছেলে।

আজ সোমবার (৩ অক্টোবর) বাংলাদেশ সময় দুপুরের দিকে সৌদি আরবের রিয়াদ শহরের আজিজিয়া সড়কে প্রাইভেট কারের ধাক্কায় নিহত হন তিনি।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে স্থানীয় ভবানীপুর ওয়ার্ড মেম্বর

রেজাউল হক জানান, আলম হোসেন মোটরাসাইকেল যোগে রিয়াদ শহরের একটি হোটেলে খাবার আনতে যাচ্ছিলেন। এসময় পেছন থেকে একটি প্রাইভেট কার ধাক্কা দিলে ঘটনাস্থলেই মারা যান এই রেমিটেন্স যোদ্ধা।

২ সন্তানের জনক আলম হোসেন পরিবারের স্বচ্ছলতা ফেরাতে প্রায় ১৮ বছর আগে সৌদি আরবে যান। তার এক মাত্র ছেলে সৌদি আরবে রয়েছেন। এছাড়া মেয়ের বিয়ে হয়েছে।

পারিবারিকভাবে জানান, সৌদি আরবের আইনগত প্রক্রিয়া শেষে তাকে দেশে আনার প্রক্রিয়া শুরু হবে।

গাংনীর গণ ডাকাতির মামলায় আরো ২ যুবক গ্রেফতার

গাংনী উপজেলার বামন্দী-দেবীপুর সড়কে গাছ ফেলে গণ ডাকাতি মামলার ২ যুবককে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

তারা হলেন কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার বাহিরচর ষোলদাগ গ্রামের মুন্সিপাড়া এলাকার আজিজ মন্ডলের ছেলে আশিক মন্ডল (২৫) ও একই জেলার খোকসা উপজেলা শহরের ২ নং ওয়ার্ড মাঠপাড়া এলাকার মৃত লিটন শেখের ছেলে পিপাসা আহম্মেদ আশিক (২০)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আতিক, রবিবার (২ অক্টোবর) দিবাগত রাতে এসআই মাসুদ, এসআই জাহিদসহ সঙ্গীয় ফোর্সসহ পৃথক দুটি অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

এসআই আতিকের নেতৃত্বে পুলিশের একটি টিম দিনাজপুর জেলার চিলির বন্দর থেকে পিপাসা আহম্মেদ আশিককে এবং এসআই মাসুদের নেতৃত্বে সঙ্গীয়ফোর্সসহ অপর একটি টিম ভেড়ামার ষোলদাগ গ্রামে অভিযান চালিয়ে আশিককে গ্রেফতার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য

নিশ্চিত করেছেন। তিনি জানান, তথ্য প্রযুক্তি ব্যভহার করে আসামিদের সমন্ধে নিশ্চিত হয়ে পুলিশের টিম অভযান চালিয়ে তাদের গ্রেফতার করে থানায় নিয়ে আসেন।

এ নিয়ে ডাকাতির ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হলো। এর আগে গাংনী উপজেলার ঝোড়াঘাট গ্রামের ছুরমান মণ্ডলের ছেলে নুরুল ইসলাম নামের একজনকে আটক করে পুলিশ।

উল্লেখ্য, গত ২৪ সেপ্টেম্বর দিবাগত রাতে বামন্দী-দেবীপুর সড়কের বামন্দী পুলিশ ক্যাম্পের আদুরে রাস্তায় গাছের গুড়ি ফেলে প্রায় তিন ঘন্টা ব্যাপি ডাকাতি সংঘটিত করে ডাকাত দল। পথচারীদের মোবাইল ফোনসহ নগদ টাকা পয়সা নিয়ে যায় ডাকাত দল।

এঘটনায় পরের দিন গণডাকাতির ঘটনায় বামন্দী পশ্চিমপাড়ার ফজলুর রহমানের ছেলে রনি ইসলাম বাদি হয়ে গাংনী থানায় অজ্ঞাতনামা ১০-১২ জনের নামে মামলা দায়ের করেন। যার মামলা নম্বর ৩৬, তারিখ: ২৫.০৯.২২ইং।

উল্লেখ্য, গত ২৪ সেপ্টেম্বর রোববার দিবাগত রাতে বামন্দী-দেবিপুর সড়কে রাস্তায় কাঁঠালের গাছ ফেলে গণডাকাতির ঘটনা ঘটে।

ডাকাত দলের হাত থেকে ইউপি সদস্য, সাংবাদিক, পুলিশ, রোগী ও পথচারী কেউ রক্ষা পায়নি।